



শনিবার জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরীর নেতৃত্বে শিক্ষক-ছাত্র-ছাত্রীরা ক্যাম্পাসে র্যালি বের করে - সংবাদ

ঢাকা বিশ্ববিদ্যালয় জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে ক্যাম্পাসে র্যালি-আলোচনা

বিশ্ববিদ্যালয় সর্বোদাতা : জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ক্যাম্পাসে র্যালি ও আলোচনা সভার আয়োজন করেছে।

শনিবার সকাল ১০টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি মিলনায়তনে মানবকল্যাণে শিক্ষা শীর্ষক আলোচনা সভায় সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরী। উপাচার্য তার ভাষণে বলেন, তৃতীয় বিশ্বের দেশগুলোয় জনসংখ্যার বিস্তারণ, সূষ্ঠা শিক্ষানীতির অভাব, জনসম্পদের অব্যবস্থাপনা, সর্বোপরি অর্থাভাবের ফলে শিক্ষার যথাযথ প্রসার ও শিক্ষার মান বজায় রাখা সম্ভব হচ্ছে না। তাই উন্নত বিশ্বের সাথে তাল মিলিয়ে শিক্ষার প্রসার বাড়িয়ে মানব-কল্যাণ করতে হবে। আলোচনা সভায় অধ্যাপক এ এফ সিরাজুল ইসলাম চৌধুরী বলেন, সৃষ্টিশীলতার মাধ্যমে শিক্ষা মানুষের মনুষ্যত্বকে আলোকিত করে আর সেই আলোয় পৃথিবী আলোকিত হয়।

আলোচনা সভায় আরো বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক অজয় কুমার রায়, কোষাধ্যক্ষ অধ্যাপক আবুল হাশেম প্রমুখ। আলোচনা সভাশেষে শিক্ষা সপ্তাহ উপলক্ষে বিভিন্ন প্রতিযোগিতা বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

পুরস্কার বিতরণীশেষে অধ্যাপক এ কে আজাদ চৌধুরীর নেতৃত্বে প্রায় শতাধিক শিক্ষক ও ছাত্রছাত্রী এক বর্ণাঢ্য র্যালি বের করে। টিএসসি থেকে শুরু হয়ে র্যালিটি ক্যাম্পাস প্রদক্ষিণশেষে অপরাহ্নে বাঙলার